# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
## University Grants Commission of Bangladesh
আগারগাঁও শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
web: www.ugc.gov.bd


স্মারক নংঃ ইউজিসি/ IC4IR/মুশিপ্র/২০২১/৩৯৬৫

তারিখ: ১২ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক আয়োজিত আগামী ১০ ও ১১ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিতব্য IC4IR2021 শীর্ষক কনফারেন্সে "মুজিব ১০০ ইন্ডাস্ট্রিয়াল এক্সিবিশন" ও "প্রজেক্ট শোকেজিং"-এ অংশগ্রহণের জন্য আমন্ত্রণ।

জনাব

আপনি নিশ্চয়ই অবগত রয়েছেন যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক আয়োজিত চতুর্থ শিল্প বিপ্লব সম্পর্কিত আন্তর্জাতিক সম্মেলন (IC4IR2021) আগামী ১০ ও ১১ ডিসেম্বর ২০২১ তারিখে সরাসরি উপস্থিতি ও ভার্চুয়াল প্লাটফর্মে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হতে যাচ্ছে। **উক্ত সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মো: আবদুল হামিদ এবং সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপস্থিত থাকবেন।** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী এবং বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ইউজিসি বিভিন্ন ডিসিপ্লিনের গবেষক এবং অনুশীলনকারীদের একত্রিত করার জন্য একটি আন্তর্জাতিক ফোরাম তৈরি করার পরিকল্পনা গ্রহণ করেছে। উক্ত ফোরামের মাধ্যমে প্রাপ্ত অত্যাধুনিক গবেষণার ফলাফল কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবটিক্স ও অটোমেশন, আইওটি, স্মার্ট কৃষি, ডেটা অ্যানালিটিক্স এবং ক্লাউড কম্পিউটিং, সংকেত এবং প্রাকৃতিক ভাষা প্রক্রিয়াকরণ, যোগাযোগ ও নেটওয়ার্কিং এ প্রয়োগের মাধ্যমে শিল্পক্ষেত্রের বিরাজমান সমস্যার সমাধান খুঁজে বের করা হবে। অ্যাকাডেমিয়ার এবং শিল্পের মধ্যে ব্যবধান ক্রমশ হ্রাস করার জন্য IC4IR2021 এর সাথে যৌথভাবে "মুজিব ১০০ ইন্ডাস্ট্রিয়াল এক্সিবিশন" ও "প্রজেক্ট শোকেজিং" অনুষ্ঠিত হতে যাচ্ছে। "মুজিব ১০০ ইন্ডাস্ট্রিয়াল এক্সিবিশন" ও "প্রজেক্ট শোকেজিং" এর মাধ্যমে শিল্প খাত এবং শিক্ষাবিদদের মধ্যে সহযোগিতার একটি অনন্য সেতুবন্ধন বিনির্মিত হবে বলে কমিশন দৃঢ়ভাবে বিশ্বাস করে।

**উল্লিখিত প্রদর্শনীর মুল উদ্দেশ্য হলো:**

- শিল্প ক্ষেত্রের সমস্যাগুলোকে অ্যাকাডেমিয়াদের মাধ্যমে উৎপাদনশীলতার ক্ষেত্রে এবং তার কার্যকর সমাধানের জন্য প্রস্তুত করা;
- শিল্পখাত এবং অ্যাকাডেমিয়াদের মধ্যে সহযোগিতার জন্য একটি সেতুবন্ধন গড়ে তোলা;
- শিল্পখাত ও অ্যাকাডেমিয়ার সহযোগিতার মাধ্যমে চতুর্থ শিল্প বিপ্লব বাস্তবায়নের জন্য একটি সমন্বিত নীতি প্রণয়ন করা;
- শিক্ষার্থীদের ইন্টার্নশিপের অবারিত সুযোগ সৃষ্টির জন্য একটি ডেটাবেজ তৈরি করা;
- শিল্প এবং শিক্ষাবিদদের মধ্যে ব্যবধান হ্রাস করতে উদ্ভাবনী শিক্ষা ব্যবস্থা চালু করা এবং
- একাডেমিক এবং শিল্প কর্মীদের দক্ষতা বৃদ্ধি করে ইন্ডাস্ট্রি- অ্যাকাডেমিয়া-কোলাবরেশন প্রক্রিয়ায় নিযুক্ত করা।

এই ইভেন্টের মাধ্যমে বিশ্বব্যাপী বিশেষজ্ঞদের সাথে যৌথভাবে কাজ করার জন্য ১০০ টি খ্যাতনামা শিল্পপ্রতিষ্ঠানকে একত্রিত করার পাশাপাশি শিল্প- অ্যাকাডেমিয়ার সহযোগিতা জোরদার করার একটি অনন্য প্ল্যাটফর্ম তৈরি করা হবে যা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্বপ্ন অনুযায়ী বাংলাদেশকে উন্নয়ন ও প্রগতির সুউচ্চ শিখরে উপনীত করার পথকে সুগম ও বেগবান করবে।

**সমন্বিত ইভেন্টের মুল প্রতিপাদ্যসমূহ:**

- বিশেষজ্ঞদের কাছ থেকে ওয়েবিনার এবং সেমিনারের মাধ্যমে শিল্পক্ষেত্রের বর্তমান প্রেক্ষাপটে অ্যাকাডেমিকদের জন্য সহযোগিতার দ্বার উন্মোচন করা;
- ১০০ টি শিল্পপ্রতিষ্ঠানকে তাদের অংশগ্রহণ এবং অবদানের জন্য স্বীকৃতি প্রদান করা;
- সম্মেলনে অংশগ্রহণকারীদের সক্ষমতা প্রদর্শনের জন্য ৫০ টির বেশি শিল্পপ্রতিষ্ঠানের নিকট থেকে প্রদর্শনীর জন্য শিল্পের ডেমো গ্রহণ করা;
- বর্তমান শিল্প-অ্যাকাডেমিয়ার সহযোগিতা ও তাদের অগ্রগতির জন্য সারা বিশ্ব থেকে বিশেষজ্ঞদের সাথে নিয়ে একটি নেটওয়ার্ক তৈরি করা;
- সহযোগিতামূলক গবেষণা ফোরামের জন্য স্টেকহোল্ডারদের সাথে এমওইউ স্বাক্ষর করার মতো একটি প্ল্যাটফর্ম তৈরি করা।

**যোগাযোগ (স্টল বরাদ্দের জন্য):**


Mr. Ashraful Islam
Sr. Manager
CEMS, Bangladesh
Tel : +88-02-48810267-81
Mob : +88-01847287699
E-mail , contact@ic4irb.org


২। বর্ণিতাবস্থায়, "মুজিব ১০০ ইন্ডাস্ট্রিয়াল এক্সিবিশন" ও "প্রজেক্ট শোকেজিং"-এ আপনার বিশ্ববিদ্যালয়ের প্রত্যক্ষ অংশগ্রহণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

২৮/১০/২০২১

ড. মোঃ ফখরুল ইসলাম
পরিচালক
স্ট্র্যাটেজিক প্লানিং এন্ড কোয়ালিটি এসুরেন্স বিভাগ
ও
আহ্বায়ক, IC4IR2021 শীর্ষক Invitation Sub-Committee

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১-৪৬। উপাচার্য/রেজিস্ট্রার (পাবলিক বিশ্ববিদ্যালয়):
ঢাকা/রাজশাহী/বাংলাদেশ কৃষি/বাংলাদেশ প্রকৌশল/চট্টগ্রাম/ জাহাঙ্গীরনগর/ ইসলামী/ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/ খুলনা/ জাতীয়/ বাংলাদেশ উন্মুক্ত/ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল/ বঙ্গবন্ধু শেখ মজিবর রহমান কৃষি/ হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/ পটুয়াখালী বিজ্ঞান ও

প্রযুক্তি/শেরে বাংলা কৃষি/ চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/ রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/ খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/ ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ জগন্নাথ/ কুমিল্লা/ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/ চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস/ সিলেট কৃষি/ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/বেগম রোকেয়া/ পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি/ বাংলাদেশ টেক্সটাইল/ বরিশাল বিশ্ববিদ্যালয়/ রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম/ ইসলামি আরবি/ চট্টগ্রাম মেডিকেল/ রাজশাহী মেডিকেল/ রবীন্দ্র / বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল/শেখ হাসিনা/ খুলনা কৃষি/ বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি/ সিলেট মেডিকেল/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়।

৪৭-১৪২। উপাচার্য/রেজিস্ট্রার (বেসরকারি বিশ্ববিদ্যালয়):
নর্থ সাউথ ইউনিভার্সিটি/ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি চিটাগং/ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ/সেন্ট্রাল উইমেন'স ইউনিভার্সিটি/ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার এন্ড টেকনোলজি/আন্তর্জাতিক ইসলামী ইউনিভার্সিটি চট্টগ্রাম/আহছানউল্লাহ ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশ/ ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি/ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক/ গণ বিশ্ববিদ্যালয়/দি পিপল'স ইউনিভার্সিটি অব বাংলাদেশ/এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ ব্র্যাক ইউনিভার্সিটি/ বাংলাদেশ ইউনিভার্সিটি/লিডিং ইউনিভার্সিটি/বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ/সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অলটারনেটিভ/প্রিমিয়ার ইউনিভার্সিটি/সাউথইস্ট ইউনিভার্সিটি/ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ/স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ/সিটি ইউনিভার্সিটি/প্রাইম ইউনিভার্সিটি/নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশ/সাউদার্ণ ইউনিভার্সিটি বাংলাদেশ/ গ্রণ ইউনিভার্সিটি অব বাংলাদেশ/পুন্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ/শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি/দি মিলেনিয়াম ইউনিভার্সিটি/ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া/ইস্টার্ন ইউনিভার্সিটি/উত্তরা ইউনিভার্সিটি/মেট্রোপলিটন ইউনিভার্সিটি/ ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অব বাংলাদেশ/বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি/প্রেসিডেন্সি ইউনিভার্সিটি/ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি এন্ড সায়েন্সেস/প্রাইমএশিয়া ইউনিভার্সিটি/রয়েল ইউনিভার্সিটি অব ঢাকা/ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ/অতীশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ ইসলামী বিশ্ববিদ্যালয়/আশা ইউনিভার্সিটি বাংলাদেশ/ইস্ট ডেল্টা ইউনিভার্সিটি/ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ/বরেন্দ্র ইউনিভার্সিটি/হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশ/বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজি/নর্থ ইস্ট বিশ্ববিদ্যালয় বাংলাদেশ/ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ঈশাখাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, বাংলাদেশ/জেড.এইচ. সিকদার বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ/নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটি, খুলনা/খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়/সোনারগাঁও ইউনিভার্সিটি/ফেনী ইউনিভার্সিটি/ব্রিটানিয়া বিশ্ববিদ্যালয়/পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস/চিটাগং ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি/নটরডেম বিশ্ববিদ্যালয় বাংলাদেশ/টাইমস্ ইউনিভার্সিটি, বাংলাদেশ/নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/রাজশাহী সাইন্স এন্ড টেকনোলজি ইউনিভার্সিটি/শেখ ফজিলাতুন্নেছা মুজিব ইউনিভার্সিটি/কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়/জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশ/গ্লোবাল ইউনিভার্সিটি বাংলাদেশ/সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, সৈয়দপুর/বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি, কাদিরাবাদ/বাংলাদেশ আর্মি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, কুমিল্লা/দি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব স্কলার্স/কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ/এন. পি. আই ইউনিভার্সিটি অব বাংলাদেশ/নর্দান ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি, খুলনা/রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়/ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি, চট্টগ্রাম/সেন্ট্রাল ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/ইউনিভার্সিটি অব গ্লোবাল ভিলেজ/আনোয়ার খান মডার্ণ ইউনিভার্সিটি/জেড.এন.আর.এফ ইউনিভার্সিটি অব ম্যানেজমেন্ট সায়েন্সেস/বান্দরবান বিশ্ববিদ্যালয়/ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড ইউনিভার্সিটি/ইউনিভার্সিটি অব ব্রাহ্মণবাড়িয়া/ইউনিভার্সিটি অব স্কিল এনরিচমেন্ট এন্ড টেকনোলজি।

১৪৩। পরিচালক, এসপিকিউএ বিভাগ, ইউজিসি;

১৪৪। পরিচালক, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি; [সহযোগিতা প্রদানের অনুরোধসহ]

১৪৫। পরিচালক, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, (অতিরিক্ত দায়িত্ব), ইউজিসি; [সহযোগিতা প্রদানের অনুরোধসহ]

১৪৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (উপ সচিব), ইউজিসি;

১৪৭। সদস্য মহোদয়ের (প্রফেসর ড. মো: সাজ্জাদ হোসেন) একান্ত সচিব;

১৪৮। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা;

১৪৯। ব্যক্তিগত কর্মকর্তা, এসপিকিউএ বিভাগ, ইউজিসি;

১৫০-১৫১। নথি/মহানথি।